



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :

(১)

নির্ধাতিতা রিয়া আশ্রয় পেল সরকারী হোমে : মহিলা কমিশন

ত্রিপুরা মহিলা কমিশন খুবই আনন্দিত যে কমিশনের আবেদনে সাড়া দিয়ে ত্রিপুরা সরকারের সমাজকল্যাণ দপ্তর কৈলাশহরের নির্ধাতিতা নাবালিকা পরিচারিকা রিয়া মাল্যাকারকে সরকারী হোমে রাখার ব্যবস্থা করে দিয়েছে। ১০/৫/১০-এ দপ্তর থেকে পাঠানো একটি চিঠিতে রিয়াকে হোমে ভর্তি করার জন্য কমিশনকে অনুরোধ জানানো হয়েছে। সরকারী হোমে আশ্রয় পাওয়া সাপেক্ষে কমিশন রিয়াকে একটি বেসরকারী হোমে রেখেছিল। খুব দ্রুত রিয়ার ব্যবস্থা করে দেবার জন্য কমিশন সমাজকল্যাণ দপ্তরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছে।

প্রসঙ্গত উল্লেখ করা হচ্ছে যে, কৈলাশহরের হোটেল মালিক সুভাষ ঘোষ ও তার স্ত্রী শান্তা ঘোষ এবং দুই মেয়ে সানিয়া ও স্টিনার অমানুষিক অত্যাচারে অসুস্থ রিয়া দীর্ঘদিন কৈলাশহর হাসপাতালে চিকিৎসাধীন ছিল। হাসপাতাল থেকে ছাড় পাবার পর রিয়ার বাবা নেপাল মাল্যাকার ও মা রত্না মাল্যাকার গত ২৩ এপ্রিল ২০১০-এ তাকে কমিশনের কাছে নিয়ে যান। বিগত ৩০ মার্চ ২০১০-এ কমিশনের সভ্যনেত্রী সমাজকল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী এবং প্রিন্সিপাল সেক্রেটারির কাছে রিয়ার আশ্রয়ের ব্যবস্থা চেয়ে চিঠি লিখেছিলেন। বাব-মা থাকা সত্ত্বেও প্রকৃতপক্ষে মেয়েটি ছিল আশ্রয়হীন। কারণ রিয়ার বাবা তাকে এবং তার মাকে পরিত্যাগ করে আগেই আরেকটি সংসার করেছে। পরে রিয়ার মাও রিয়াকে সুভাষ ঘোষের বাড়ী পরিচারিকার কাজে দিয়ে আরেকটি সংসার করেছে। সুতরাং রিয়ার বাবা নেপাল মাল্যাকার বা মা রত্না মাল্যাকার দুজনেরই নতুন সংসারে রিয়াকে স্থান দেওয়া যে সম্ভব নয় একথা তারা কমিশনকে জানিয়েছিলেন। যাই হোক কমিশন আনন্দিত যে রিয়াকে আর পরিচারিকার কাজ করতে হবেনা এবং সে সরকারী হোমে থেকে পড়াশোনার সুযোগ পেয়ে মানুষের মত বেঁচে পাববে।


19.5.10

Ananta Bhattacharya
Member Secretary,
Tripartite Commission for Women



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :

(২)

নারী ও শিশু পাচার রোধে হায়দ্রাবাদে ৯ম প্রশিক্ষণ শিবিরে ত্রিপুরা মহিলা কমিশনের
প্রতিনিধিত্ব

তীব্র নিন্দনীয় ব্যবসায়িক বৃত্তিতে নিয়োগের জন্য মানব পাচার বিশেষত: শিশু ও নারী পাচার বেশ কিছু রাজ্য, রাষ্ট্র ও আন্তর্জাতিক ক্ষেত্রে ভয়াবহ রূপ গ্রহণ করায় সারা বিশ্ব আতঙ্কিত। সুস্থ সমাজ বাবস্থার আশু ভাঙন রোধে ব্যবস্থা গ্রহণের প্রচেষ্টায় বিগত ৭ই মে থেকে ১১ই মে পর্যন্ত হায়দ্রাবাদের রাজেন্দ্রনগরে National Institute of Rural Development (NIRD) এর পরিচালনায় "Combating Trafficking in Women and Children" বিষয়কত্বের ওপর একটি ৫ দিনের নবম জাতীয় প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। এন আই আর ডি'র কনফারেন্স হলে এই প্রশিক্ষণ শিবিরে অন্ধ্রপ্রদেশ, আসাম, বিহার, ছত্তিশগড়, গোয়া, কর্ণাটক, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, ওড়িশা, রাজস্থান, তামিলনাড়ু, উত্তরপ্রদেশ ও পশ্চিমবঙ্গের সঙ্গে ত্রিপুরা মহিলা কমিশনের সদস্য শ্রীমতী নিতা দেববর্মন অংশ গ্রহণ করেন। অন্যান্য রাজ্যের তুলনায় ত্রিপুরায় নারী ও শিশুপাচারের ঘটনা নগণ্য একে এর প্রতিরোধে এখানে যে সব কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার বিশদ বিবরণ জানিয়ে শ্রীমতী দেববর্মন সকলের প্রশংসিত দৃষ্টি আকর্ষণ করতে সমর্থ হন। প্রশিক্ষণ শিবিরে মানব পাচার প্রতিরোধের উপায় সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং তা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে রূপায়ন করার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়।

19.5.10

Arshana Bhattacharya
Member Secretary,
Tripartite Commission for Women